উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : আব্দুল্লাহ আল বাকিউল বারী
প্রশাসক, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ২৯/০১/২০২৫ খ্রি.
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী গত ১২/১২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অত্র বিভাগের অধীনে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এডিপি ও উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত অর্থে উপজেলা পরিষদের সভাপতি কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক স্কীমসমূহের প্রাক্কলনের কাজ চলমান রয়েছে। আশা করি খুব শীঘ্রই টেন্ডার আহ্বান করা সম্ভব হবে। | উপজেলা এলজিইডি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি,<br>ত্রিশাল,ময়মনসিংহ। |
| | সভাপতি মহোদয় যোগাযোগ ও ড্রেনেজ ব্যবস্থার বিভিন্ন সমস্যা সমাধানের জন্য আগামী সভা থেকে রোডস এন্ড হাইওয়ে এর একজন প্রতিনিধি রাখার জন্য সভায় প্রস্তাব করেন। | প্রস্তাবমতে আগামী সভা থেকে রোডস এন্ড হাইওয়ে এর একজন প্রতিনিধি রাখার জন্য সশ্লিষ্ট কর্তৃপক্ষকে নোটিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ<br>ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, তবে একটি এক্সরে মেশিন হলে দরিদ্র রোগীদের অনেক উপকার হতো। তাই তিনি একটি ডিজিটাল এক্সরে মেশিন প্রদানের জন্য সভাপতি মহোদয়ের নিকট প্রস্তাব করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে ডিজিটাল এক্সরে মেশিন চেয়ে স্বাস্থ্য মন্ত্রনালয়ে চিঠি লিখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবমতে ডিজিটাল এক্সরে মেশিন চেয়ে স্বাস্থ্য মন্ত্রনালয়ে চিঠি লিখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা বিভাগীয় কাজে অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রাণি চিকিৎসা ও প্রাণি সম্প্রসারনের কাজ চলমান আছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিশু ভর্তি কার্যক্রম চলমান আছে। আগামী ১৫ ফেব্রুয়ারি/২০২৫ এর মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে। শিশু, ১ম, ২য় ও ৩য় শ্রেণীর শতভাগ পাঠ্যবই পাওয়া গিয়েছে এবং শতভাগ বই বিতরণ করা হয়েছে। ৪র্থ ও ৫ম শ্রেণীর কোন পাঠ্য বই অদ্যবধি পাওয়া যায়নি। প্রাপ্তি সাপেক্ষে দ্রুত বিতরণ নিশ্চিত করা হইবে।<br>বিভিন্ন বিদ্যালয়ে ওয়াশব্লক, সীমানা প্রাচীর এবং নতুন ভবন নির্মানের কাজ চলমান রয়েছে। নির্মান কাজের সার্বক্ষনিক তদারকি নিশ্চিত করা হচ্ছে। নিয়মিত মনিটরিং করা হচ্ছে।<br>জাতীয় শিক্ষা পদক প্রতিযোগীতা ২০২৫ এর বিদ্যালয় পর্যায়ের কার্যক্রম যথারীতি চলছে। পরবর্তীতে ইউনিয়ন ও উপজেলায় অংশগ্রহন নিশ্চিত করা হবে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিভাগীয় কাজে অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, হরিরামপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র এর সীমানা নির্ধারণ করা না থাকায় বিভিন্ন সমস্যার সম্মুক্ষীন হতে হচ্ছে। তাই এ বিষয়ে সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করছি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>সভাপতি মহোদয় উপরোক্ত বিষয়টি সমাধানের জন্য সহকারি কমিশনার (ভূমি) এর সহযোগীতা নেয়ার কথা বলেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের ১ম ও ২য় পর্যায়ে একত্রে টি.আর, কাবিখা/কাবিটা এর বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ বিভাজন করে ইউনিয়ন থেকে বরাদ্দ অনুযায়ী প্রকল্প দাখিল করেছেন। এই সভায় প্রকল্প গুলো যাচাই বাছাই করে জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবরে পাঠানো যায়। জেলা প্রশাসক মহোদয় উপবরাদ্দ দিলে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন কওে প্রকল্পের কাজ শুরু | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | করা যাবে।<br>অত্র উপজেলায় এক কিলোমিটার এইচবিবি রাস্তার টেন্ডার হয়েছে। ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কার্যাদেশ প্রক্রিয়াধীন। অচিরেই কাজ শুরু হবে।<br>কাঁঠাল, হরিরামপুর ও মঠবাড়ী ইউনিয়নে ০৩ টি গার্ডার ব্রীজের কাজ চলমান আছে ও অন্যান্য ইউনিয়নে ০৫ টি বক্স কালভার্টের কাজ চলমান আছে।<br>ইজিপিপি এর বরাদ্দ এই অর্থ বছরে এখনো পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে জানানো হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৪৪ টি পানির উৎসের বরাদ্দের কাজ চলমান আছে তালিকা করার জন্য। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক এর কাজ চলমান আছে। মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ প্রকল্পের আওতায় টুইনপিট ল্যাট্রিনের কাজ চলমান আছে ও মল পাইপ লাইনের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বেকার যুবদের আত্মকর্মী করার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন ও ঋণ প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আইসিটি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | কানিহারী ইউনিয়ন পরিষদ ঃ<br>প্রশাসক, কানিহারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ২৭/০১/২০২৫ ইং তারিখে প্রশাসক হিসেবে দায়িত্ব গ্রহণ করার পর কিছু সমস্যা পরিলক্ষিত হয়। যেমন, হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি গত তিন বছর যাবত আদায় হয়নি। তা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইউনিয়ন পরিষদের পর্যাপ্ত আয় না থাকায় ইউপি সদস্যদের বেতন ভাতা অনেকদিন যাবত বন্ধ রয়েছে যা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২৮/০১/২০২৫ ইং তারিখে কাবিখা, টিআর ও কাবিখা এর প্রকল্প সমূহের তালিকা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে নাগরিক সনদ/পরিচয় পত্র নূন্যতম ০১ মাস পরীক্ষামূলকভাবে ০৫ ও ০৭ নং ওয়ার্ডে দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কখনোও অটো, রিক্সা ইত্যাদি যানবাহনের লাইসেন্স প্রদান করা হয়নি, তাই লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | কানিহারী ইউনিয়নের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, কানিহারী ইউনিয়ন পরিষদ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০১/২৫

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
প্রশাসক
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৫-২৮

তারিখ : ২৯/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। প্রশাসক, ত্রিশাল পৌরসভা।
৭। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

২৯/০১/২৫

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

## ২৯/০১/২০২৫ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র:নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ২ | চেয়ারম্যান, ধানীখোলা ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | ২৯.১.২৫ |
| ৩ | চেয়ারম্যান, বৈলর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৪ | চেয়ারম্যান, কাঁঠাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৫ | ~~চেয়ারম্যান~~ প্রশাসক, কানিহারী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৬ | চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৭ | চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৮ | চেয়ারম্যান, হরিরামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৯ | চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১০ | চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১১ | চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১২ | চেয়ারম্যান, মোক্ষপুর্ ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৩ | চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |

## ২৯/০১/২০২৫ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র.নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২ | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | 29.01.2025 |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | 29.01.25 |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৬ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | Najmin |
| ৭ | উপজেলা সমাজ সেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৮ | উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মাকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ২৯/০১/২৫ |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | ২৯.০১.২৫ |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৬ | উপজেলা আইসিটি অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৭ | ফরেস্টার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২০ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। | 29/01/2025 |
| ২১ | উপজেলা তথ্যআপা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২২ | গ্রাম আদালত কর্মকর্তা ত্রিশাল ময়মনসিংহ | |
| ২৩ | | |

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

তারিখ ঃ ২৭/০১/২০২৫ খ্রি.

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৫-৫৮২

সভার নোটিশ

আগামী ২৯ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ রোজ বুধবার, বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব আব্দুল্লাহ আল বাকিউল বারী, প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

২৭/০১/২৫
(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. অফিস কপি।